



জাতিসংঘ দূতের সঙ্গে প্রধান উপদেষ্টার বৈঠক: রোহিঙ্গা সংকট সমাধানে নতুন আশার ইঙ্গিত



সংগৃহীত ছবি

মিয়ানমারের মানবাধিকার পরিস্থিতি ও রোহিঙ্গা সংকট নিয়ে জাতিসংঘের বিশেষ প্রতিবেদক টম অ্যান্ড্রুজ প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনুসের সঙ্গে বৈঠক করেছেন। এতে রোহিঙ্গা ইস্যুতে বাংলাদেশের নেতৃত্ব ও উদ্যোগের প্রশংসা করা হয়। আসন্ন জাতিসংঘ সম্মেলনকে সামনে রেখে উভয় পক্ষ স্থায়ী সমাধানের প্রত্যাশা ব্যক্ত করেন।

মিয়ানমারে মানবাধিকার পরিস্থিতি নিয়ে প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনুসের সঙ্গে বৈঠক করেছেন জাতিসংঘের বিশেষ প্রতিবেদক টম অ্যান্ড্রুজ। বৈঠকে তিনি রোহিঙ্গা ইস্যুকে আন্তর্জাতিক অঙ্গনে অগ্রাধিকার দেয়ার ক্ষেত্রে প্রধান উপদেষ্টার নেতৃত্বের প্রশংসা করেন। তিনি উল্লেখ করেন, ড. ইউনুসের উদ্যোগেই আগামী ৩০ সেপ্টেম্বর জাতিসংঘ সদর দফতরে রোহিঙ্গা বিষয়ে একটি আন্তর্জাতিক সম্মেলন অনুষ্ঠিত হতে যাচ্ছে।

অ্যান্ড্রুজ বলেন, বাংলাদেশে রোহিঙ্গাদের আশ্রয় ও সহায়তা প্রদানের পাশাপাশি দীর্ঘমেয়াদি সমাধানের আশা বাঁচিয়ে রাখায় বিশ্ব সম্প্রদায় কৃতজ্ঞ। তবে তিনি হতাশা প্রকাশ করেন যে, জাতিসংঘ মহাসচিবের নেতৃত্বে রাখাইনকে স্থিতিশীল করার প্রচেষ্টা দুরভিসন্ধিমূলক প্রচারণার কারণে ব্যর্থ হয়েছে। তবুও তিনি আশাবাদ ব্যক্ত করেন যে ধারাবাহিক কূটনৈতিক প্রচেষ্টা স্থায়ী সমাধান এনে দিতে পারে।

প্রধান উপদেষ্টা বৈঠকে জানান, সাম্প্রতিক সময়ে আন্তর্জাতিক সহায়তা হ্রাস পাওয়ায় বাংলাদেশে আশ্রিত রোহিঙ্গাদের স্বাস্থ্য, শিক্ষা ও প্রয়োজনীয় সেবায় বড় ধরনের সংকট তৈরি হচ্ছে। তিনি পর্যাপ্ত তহবিল নিশ্চিত করতে জাতিসংঘকে আরও সক্রিয় ভূমিকা রাখার আহ্বান জানান।

অ্যান্ড্রুজ এ সময় বাংলাদেশের কূটনৈতিক প্রচেষ্টার প্রশংসা করেন এবং বলেন, সংকট সমাধানে বাংলাদেশের নেতৃত্ব অপরিহার্য। তিনি আরও জানান, রোহিঙ্গা ইস্যুতে আগামী ২৫ আগস্ট কক্সবাজারে স্টেকহোল্ডার সংলাপে অংশ নিতে তিনি বাংলাদেশ সফর করছেন। ওই সংলাপের উদ্বোধন করবেন প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনুস